

2024
SRMUJ
3rd Semester Examination
M.A.
Bengali
BNG-C-301

বাংলা ভাষা ও সাহিত্যপাঠ (আধুনিক)

Full Marks: 40

Time: 2 Hours

(The figures in the margin indicate full marks. Candidates are required to give their own words as far as practicable.)

১। যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও-

২x৪=৮

ক) মাইকেল মধুসূদন দত্তের ‘আত্মবিলাপ’ কবিতাটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? প্রকাশকাল উল্লেখ করো।

খ) ‘ভারততীর্থ’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? কাব্যগ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো।

গ) জগদীশ গুপ্তের ‘পয়োমুখম’ গল্পে ভূতনাথের কাছে তার পিতার অর্থপিশাচ মনোভাবটি কীভাবে ধরা পড়েছে তা লেখো।

ঘ) প্রেমেন্দ্র মিত্রের ‘পুল্লম’ গল্পটি যে গল্পগ্রন্থ থেকে নেওয়া হয়েছে তার নাম লেখো। এই গল্পের প্রধান চরিত্রের নাম লেখো।

ঙ) ছেলেবেলায় সুরেশ মহিমকে কতবার মৃত্যুর মুখ থেকে বাঁচিয়েছিল এবং কোন্ কোন্ ক্ষেত্রে বাঁচিয়েছিল?

চ) মহিমের বাড়ির ঠিকানা লেখো।

খ) যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও-

৪x৫=২০

ক) জীবনানন্দ দাশের ‘আট বছর আগের একদিন’ কবিতায় লোকটি ঠিক কী কারণে আত্মহত্যা করেছিলেন, তা কবিতানুসারে সংক্ষেপে আলোচনা করো।

খ) বাচস্পতি ও হানিফকে ভক্তপ্রসাদ কত টাকা দিতে বাধ্য হয়েছিলেন? এই টাকা দেওয়ার পরিপ্রেক্ষিতটি ব্যাখ্যা করো। (১+৩)

গ) “পৃথিবীতে দুটি মানুষ আমাকে সবচেয়ে বেশি ভালোবাসিয়াছিল,...একটি আমাকে ছাড়িয়া গেল, একটিকে আমি ছাড়িলাম।”—এই উক্তির আলোকে রবীন্দ্রনাথ ঠাকুরের ‘বোষ্টমী’ গল্পের বোষ্টমী চরিত্রটিকে বিচার করো।

ঘ) “ইংরেজের জেলখানার অন্ধকারে একজন কয়েদির মত মরে গেছে আমাদের বিরসা ভগবান। তাঁর চেহারা কেমন দেখতে ছিল জান ঘোষ ...যীশু খ্রীষ্টের মতো।” - উক্তিটি বিশ্লেষণ করো।

ঙ) “যে দুই বন্ধু আজ অকস্মাৎ তাহার জীবনের সন্ধিস্থলে এমন পাশাপাশি আসিয়া দাঁড়াইয়াছে, তাহাদের একজনকে যে আজ যাও, বলিয়া বিদায় দিতে হইবে তাহাতে বিন্দুমাত্র সংশয় নেই; কিন্তু কাহাকে? কে সে?” – উদ্ধৃতিটির বক্তা কে? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। (১+৪)

চ) ভক্তপ্রসাদের উক্তিহে কোন কবির কোন কাব্যের উদ্ধৃতি বারবার দেখা গেছে? একটি উদ্ধৃতি তাৎপর্য সহ উল্লেখ করো। (২+২)

ছ) “তালশাঁস পেক্যে শক্ত হলে আর তাল কে খেতে চায়?”—কে কার উদ্দেশ্যে কথাগুলি বলেছে? সংলাপটির তাৎপর্য ব্যাখ্যা করো। (২+২)

জ) “একদিনের ভূমিকম্পে অর্ধেক দুনিয়াটা পাতালের মধ্যে ডুবে যেতে পারে?”—উক্তিটির প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

৩। যেকোন দুটি প্রশ্নের উত্তর দাও-

৬x২=১২

ক) নীরেন্দ্রনাথ চক্রবর্তীর ‘উলঙ্গ রাজা’ কবিতার মুখ্য বিষয়টি সংক্ষেপে আলোচনা করো।

খ) প্রেমেন্দ্র মিত্রের ‘পুল্লাম’ গল্পের ললিত চরিত্রটি বিশ্লেষণ করো।

গ) অচলা ও মহিমের দাম্পত্য সংকট সৃষ্টিতে মৃগাল চরিত্রের ভূমিকা বিশ্লেষণ করো।

ঘ) ভক্তপ্রসাদ চরিত্রটি কীভাবে এক বিশেষ শ্রেণীর প্রতিনিধি হয়ে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।